গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়

# দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর

Dinajpur Govt. College, Dinajpur
www.dgc.edu.bd
স্থাপিত-১৯৪২ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি নম্বর:দিসক/দিনাজ/স্নাতক (পাস) প্রা:/সার্টি.রেজি-২৪/২০২৫/৫৬ তারিখ: ১৩ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ
২৬ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

## ২০২৪ সালের স্নাতক (পাস) প্রাইভেট/সার্টিফিকেট কোর্সে রেজিস্ট্রেশন সংক্রান্ত বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের স্মারক নং-০৬(১০১)জাতী:বি:/রেজি:/অ্যাকা:/প্রাইভেট/২০০১/৩১০৭ তারিখ: ২৪/০২/২০২৫
কোর্সসমূহ: বিএ/বিএসএস/বিবিএস

**অনলাইনে আবেদন করার তারিখ: ২৬/০২/২০২৫ থেকে ১৬/০৩/২০২৫ পর্যন্ত**
**আবেদন ফরম জমা দেয়ার তারিখ: ২৭/০২/২০২৫ থেকে ১৭/০৩/২০২৫ পর্যন্ত**

**১। স্নাতক (পাস) প্রাইভেট কোর্সে আবেদন করার যোগ্যতা:**

(ক) বাংলাদেশ-এ স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড/উন্মুক্ত বিশ্ববিদ্যালয় হতে ২০২২ সাল বা তৎপূর্বে উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় চতুর্থ বিষয়সহ ন্যূনতম জিপিএ ২.০০ অথবা সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪০% নম্বর এবং এসএসসি ও সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ ২.০০ অথবা সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪০% নম্বরপ্রাপ্ত শিক্ষার্থীরা উত্তীর্ণ ২০২৪ সালের স্নাতক (পাস) প্রাইভেট কোর্সে বিএ/বিএসএস/বিবিএস কোর্সে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে। এ ছাড়া বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের এইচ.এস.সি. সমমান কোর্সসমূহ থেকে শুধুমাত্র ১। এইচ.এস.সি. (ভোকেশনাল) ২। ডিপ্লোমা-ইন-কমার্স ৩। এইচ.এস.সি. (বিজনেস্ ম্যানেজমেন্ট) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা আবেদন করতে পারবে।

(খ) O-Level পরীক্ষায় তিনটি বিষয়ে 'বি' গ্রেডসহ অন্তত ০৪ (চার) টি বিষয়ে উত্তীর্ণ এবং ২০২২ সাল বা তৎপূর্বে A-Level পরীক্ষায় একটি বিষয়ে 'বি' গ্রেডসহ অন্তত ০২ (দুই) টি বিষয়ে উত্তীর্ণ প্রার্থীরা এ কোর্সে আবেদন করতে পারবে।

(গ) ১৯৮৮ সালের পূর্বে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে আলীম পরীক্ষায় উত্তীর্ণ কোন প্রার্থী প্রাইভেট রেজিষ্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে না।

(ঘ) বিষয়সমূহ: বাংলা (ঐচ্ছিক), ইংরেজী (ঐচ্ছিক), আরবী, দর্শন, ইসলামী শিক্ষা, অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, সমাজবিজ্ঞান, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, হিসাব বিজ্ঞান ও ব্যবস্থাপনা। উল্লিখিত বিষয়সমূহ সংশ্লিষ্ট কলেজে অধিভুক্ত বিষয় হিসাবে থাকতে হবে। প্রাইভেট রেজিস্ট্রেশনের আবেদন পত্রে প্রার্থীগণ কোর্সওয়ারী যে সকল বিষয় নির্বাচন করবে কেবলমাত্র সে সকল বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। কোনক্রমেই বিষয় পরিবর্তন করা যাবে না। কোন কোর্স/বিষয় সংশ্লিষ্ট কলেজে অধিভুক্তি না থাকলে সে বিষয়ে রেজিষ্ট্রেশন করা যাবে না।

(ঙ) যে সকল বিষয়ে মাঠকর্ম বা ব্যবহারিক পরীক্ষা আছে সে সকল বিষয়ে স্নাতক (পাস) প্রাইভেট কোর্সে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করা যাবে না।

(চ) স্নাতক পর্যায়ে বর্তমানে অধ্যয়নরত/রেজিস্ট্রেশন প্রাপ্ত কোন প্রার্থী ২০২৪ সালের স্নাতক (পাস) প্রাইভেট/সার্টিফিকেট প্রোগ্রামে আবেদন করতে পারবে না। উক্ত শর্ত ভঙ্গ করে কোন প্রার্থী এ কার্যক্রমে অংশগ্রহণ করলে তার রেজিস্ট্রেশন বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

**২। সার্টিফিকেট কোর্সে আবেদন করার যোগ্যতা:**

(ক) বাংলাদেশ-এ স্বীকৃত যে কোন বিশ্ববিদ্যালয় হতে স্নাতক (পাস)/স্নাতক (সম্মান) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা যে সকল বিষয় নিয়ে ডিগ্রী (পাস)/স্নাতক (সম্মান) পরীক্ষায় কৃতকার্য হয়েছে সে সব বিষয় ছাড়া নিম্নের উল্লিখিত যে কোন একটি বিষয়ে নিয়ে সার্টিফিকেট কোর্সে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে ফাজিল বা কামিল পরীক্ষায় উত্তীর্ণ কোন প্রার্থী সার্টিফিকেট কোর্স পরীক্ষার প্রাইভেট রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে না।

(খ) সার্টিফিকেট কোর্সে রেজিস্ট্রেশন প্রাপ্ত প্রার্থীরা ২০২৪ সালের স্নাতক (পাস) প্রাইভেট পরীক্ষার্থীদের সংগে একই কোর্স ও কারিকুলাম অনুযায়ী সার্টিফিকেট কোর্স পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

(গ) বিষয় সমূহঃ বাংলা (ঐচ্ছিক), ইংরেজী (ঐচ্ছিক), আরবী, দর্শন, ইসলামী শিক্ষা, অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, সমাজবিজ্ঞান, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, হিসাব বিজ্ঞান ও ব্যবস্থপনা।

**৩। আবেদন ফরম সংগ্রহ:**

রেজিস্ট্রেশন করতে ইচ্ছুক প্রার্থীগণ www.nu.ac.bd/admissions ওয়েবসাইটে Degree Pass অপশনে গিয়ে Blank Data Entry Form (Degree Private) অপশন থেকে অথবা সার্টিফিকেট কোর্সে রেজিস্ট্রেশনের জন্য Blank Data Entry Form (Private Certificate Course) অপশন থেকে প্রয়োজনীয় তথ্য সঠিকভাবে এন্ট্রি করে আবেদন ফরম সংগ্রহ/ডাউনলোড করতে পারবে। আবেদনের সময় প্রার্থীকে সঠিকভাবে কোর্স ও বিষয় নির্বাচন করে প্রার্থীর পাসপোর্ট আকারের রঙ্গিন ছবি স্ক্যান করে আপলোড করতে হবে। ছবির মাপ 120×150 Pixels, Image type: JPG এবং maximum file size: 50KB। আবেদন দাখিলের পর প্রার্থীগণ একটি .... নম্বর সম্বলিত আবেদনফরম প্রিন্ট করে রেজিস্ট্রেশন ফি ও প্রয়োজনীয় কাগজপত্রসহ আগামী ১৭/০৩/২০২৫ তারিখের মধ্যে সংশ্লিষ্ট কলেজে (কলা ভবনের নীচ তলা) জমা দিয়ে রিসিভ কপি সংগ্রহ করতে হবে। অসম্পূর্ণ/ভুল তথ্য সম্বলিত আবেদন বাতিল বলে বিবেচিত হবে।

৪। **রেজিস্ট্রেশনের আবেদন ফরম জমাদান:**

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.admission.nu.edu.bd অথবা nu.edu.bd/admissions যথাযথভাবে ফরমপূরণ করে A4 (৮.৫" × ১১") সাইজের অফসেট সাদা কাগজে প্রিন্ট কপি নিয়ে এর সিরিয়াল নম্বরসহ কলেজ ক্যাশ শাখা হতে রেজিস্ট্রেশন ফি জমাদানের রসিদ সংগ্রহ করে **সাউথইস্ট ব্যাংক লিমিটেড, কলেজ বুথ (বিজ্ঞান ভবন) এ নির্ধারিত ফি ১৯২০/-** (এক হাজার নয়শত বিশ) টাকা জমা করে প্রয়োজনীয় কাগজপত্রসহ ২৭/০২/২০২৫ তারিখ সকাল ১০:০০ টা থেকে শুরু করে ১৭/০৩/২০২৫ তারিখ বিকাল ২:০০ টার মধ্যে কলা ভবনের নীচ তলার (প্রবেশমূখ) কক্ষে অফিস চলাকালিন জমা দিতে হবে।

**ফিসের হার:**

| | |
|---|---|
| (ক) রেজিস্ট্রেশন ফি প্রতিজন | ৪৮৫/- |
| (খ) প্রাথমিক আবেদন ফি প্রতিজন | ৩০০/- |
| (গ) ব্যবস্থাপনা ফি প্রতিজন | ৫০/- |
| (ঘ) পরিবহন ফি প্রতিজন | ৬০/- |
| (ঙ) আই.সি.টি ফি প্রতিজন | ৫০/- |
| (চ) ইনকোর্স ফি | ২০০/- |
| (ছ) অত্যাবশ্যকীয় কর্মচারি ফি | ৬৭৫/- |
| (জ) বিবিধ ফি প্রতিজন | ১০০/- |
| | মোট =১৯২০/- (এক হাজার নয়শত বিশ) টাকা। |

৫। **যে সকল কাগজপত্র আবেদনপত্রের সঙ্গে জমা দিতে হবে:**

(ক) মাধ্যমিক/সমমান এবং উচ্চমাধ্যমিক/সমমান পরীক্ষা পাসের সনদপত্র ও নম্বরপত্রের ০২ (দুই) সেট সত্যায়িত ফটোকপি এবং সার্টিফিকেট কোর্সের জন্য উল্লিখিত সনদপত্র ও নম্বরপত্রের ০২ (দুই) সেট সত্যায়িত ফটোকপিসহ স্নাতক (পাস) পরীক্ষার সনদপত্র ও নম্বরপত্রের সত্যায়িত ০২ (দুই) সেট ফটোকপি জমা দিতে হবে। উভয় ক্ষেত্রে নাম- **ঠিকানা উল্লেখপূর্বক বড় খামে মূল সনদপত্র ও নম্বরপত্র জমা দিতে হবে।**

(খ) কোন অধিভুক্ত কলেজের অধ্যক্ষ অথবা কোন প্রথম শ্রেণির গেজেটেড অফিসারের নিকট থেকে চারিত্রিক সনদপত্র এবং পাঠবিরতির প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।

(গ) সাদা কাগজে পরীক্ষার্থীর ০৩ (তিন) টি সত্যায়িত নমুনা স্বাক্ষর, সদ্য তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত ০৪ (চার) কপি ছবি এবং ০২ (দুই) কপি স্ট্যাম্প সাইজ ছবি জমা দিতে হবে। যে কর্মকর্তা নমুনা স্বাক্ষর সত্যায়িত করবেন তিনিই ছবি সত্যায়িত করবেন।

(ঘ) সামরিক বাহিনী, পুলিশ, বিজিবি ও আনসার বাহিনীতে চাকুরিরত প্রার্থীদেরকে তাদের চাকুরি ০২ (দুই) বছর পূর্ণ হয়েছে এই মর্মে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র জমা দিতে হবে। তাদের চাকুরিতে নিয়োগের তারিখ পরীক্ষায় অংশগ্রহণ পর্যন্ত চাকুরিতে বহাল থাকার বিবরণ এবং পরীক্ষার সময় তাকে পরীক্ষায় অংশগ্রহণের জন্য ছুটি মঞ্জুর করা হবে ইত্যাদি বিষয় প্রত্যয়নপত্রে উল্লেখ থাকতে হবে।

(ঙ) সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরিরত প্রার্থীকে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র দিতে হবে। পরীক্ষার সময় তাকে পরীক্ষায় অংশগ্রহণের জন্য ছুটি মঞ্জুর করা হবে এই মর্মে প্রত্যয়নপত্রে উল্লেখ থাকতে হবে।

৬। জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত কেন্দ্রে প্রাইভেট পরীক্ষার্থীদের পরীক্ষা দিতে হবে। বিশ্ববিদ্যালয়ের বিনা অনুমতিতে প্রাইভেট পরীক্ষার্থীদের কেন্দ্র পরিবর্তন করা যাবে না।

৭। কোন শিক্ষার্থী কারাগারে অবস্থানরত অবস্থায় রেজিস্ট্রেশনের আবেদন করার সুযোগ নেই।

৮। **পাঠ্যক্রম পাঠ্যসূচি:**

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ডিগ্রি (পাস) কোর্সে ভর্তিকৃত নিয়মিত শিক্ষার্থীগণ যে পাঠ্যক্রম ও পাঠ্যসূচি অনুসরণ করবে প্রাইভেট পরীক্ষার্থীগণও সেই পাঠ্যক্রম ও পাঠ্যসূচি অনুসরণ করবে।

৯। রেজিস্ট্রেশন/পরীক্ষা সংক্রান্ত বিষয়ে যদি কোন ভুলত্রুটি অথবা রেজিস্ট্রেশন/পরীক্ষা বাতিলের কোন প্রশ্ন উঠে তাহলে জাতীয় বিশ্ববিদ্যালয়ের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১০। নিয়মাবলীতে বর্ণিত সকল শর্ত পূরণ না করলে কোন প্রার্থীকে রেজিস্ট্রেশন প্রদান করা হবে না।

১১। আদালতে বিচারাধীন/দন্ডপ্রাপ্ত ব্যক্তিগণ প্রাইভেট পরীক্ষার্থীদের জন্য পালনীয় শর্তাবলি পূরণ, উত্তম আচরণের প্রত্যয়নপত্র প্রদান সাপেক্ষে এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অনুমতিক্রমে প্রাইভেট/সার্টিফিকেট কোর্সের পরীক্ষার্থী হিসেবে অত্র বিশ্ববিদ্যালয়ের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

১২। ডাকযোগে বা কুরিয়ার সার্ভিসে প্রেরিত কোন ব্যাংক ড্রাফট ও উল্লিখিত কাগজপত্রাদি গ্রহণ করা হবে না। **বিস্তারিত জানতে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট www.nu.ac.bd/admissions-এ ক্লিক করুন।**

**বি:দ্র: *আবেদনকারীকে আবেদন ফরম জমাদানের সময় টাকা জমা দানের রসিদের নম্বর ও মোবাইল নম্বর অবশ্যই উল্লেখ করে রেজিস্টার খাতায় স্বাক্ষর করতে হবে।**

প্রতিস্বাক্ষর

২৬/২/২৫

(প্রফেসর এ. কে. এম. আল আব্দুল্লাহ)
অধ্যক্ষ
দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর

২৬/২/২৫

২৬/২/২৫

(প্রফেসর মো. মোজাহারুল ইসলাম)
আহবায়ক
১ম বর্ষ স্নাতক (পাস) ভর্তি ও রেজিস্ট্রেশন কমিটি ২০২৩-২০২৪
দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর